দৈনিক সংবাদ

11 JAN 1990
তারিখ
পৃষ্ঠা 7 কলাম 6

# ৭ই ফেব্রুয়ারী ইউকসু নির্বাচন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী ৭ই ফেব্রুয়ারী প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ইউকসু) নির্বাচন অনুষ্ঠিত হবে। কর্তৃপক্ষীয় সূত্রে এই খবর জানা গেছে। গতকাল বুধবার ইউকসু ও নয়টি হল সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার কথা থাকলেও শেষ পর্যন্ত বর্তমান ইউকসু'র নেতৃবৃন্দের অনুরোধে তারিখ পিছিয়ে ১৬ই জানুয়ারী ঘোষণা করা হবে বলে জানা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ৭ই ফেব্রুয়ারী

(১ম পাতার পর)

গেছে।

এবারের ইউকসু নির্বাচন এক বছরেরও কম সময়ের ব্যবধানে অনুষ্ঠিত হতে যাচ্ছে। দীর্ঘ আট বছর পর গত বছরের ৮ই ফেব্রুয়ারী এই নির্বাচন অনুষ্ঠিত হয়। আগামী ১৬ই জানুয়ারী ইউকসু'র নবীনবরণ অনুষ্ঠানের মাধ্যমে বর্তমান ইউকসু'র মেয়াদ শেষ হবে।